



# নটর ডেম কলেজ ঢাকা

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য আদালত নটর ডেম কলেজকে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কলেজের নিজস্ব প্রক্রিয়ায় ভর্তি গ্রহণের জন্য সদয় অনুমতি প্রদান করেছেন।

- ১। নটর ডেম কলেজ নিজস্ব অনলাইন-এ ভর্তির আবেদন গ্রহণ করবে।
  - ২। ভর্তির আবেদন ফরম পূরণ: ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের ১৭ মে সকাল ৯টা হতে ২১ মে রাত ১২টা পর্যন্ত সরাসরি ওয়েবসাইট [ndc.innovizz.com](http://ndc.innovizz.com) অথবা নটর ডেম কলেজের নির্দিষ্ট ওয়েবসাইট [www.notredamecollege-dhaka.com](http://www.notredamecollege-dhaka.com) থেকে অনলাইনে আবেদন করতে বলা হচ্ছে। ভর্তির আবেদন করার নিয়মাবলি কলেজের ওয়েবসাইটে দেয়া আছে। অনলাইনে আবেদন করার সময় ভর্তি পরীক্ষার খরচ বাবদ ২০০/- টাকা রকেট-এর (Rocket) মাধ্যমে দিতে হবে। পুনঃপরীক্ষণের মাধ্যমে ফল পরিবর্তন হয়ে ভর্তির আবেদনের ন্যূনতম যোগ্যতা অর্জন করলে ফল পাওয়ার সাথে সাথে কলেজে এসে যোগাযোগ করতে হবে। হেল্প লাইন নম্বর: ০১৯৩৩৩২২৫৩০, ০১৯৩৩৩২২৫৩১, ০১৯৩৩৩২২৫৩২, ০১৯৩৩৩২২৫৩৩।
  - ৩। ভর্তির আবেদনের ন্যূনতম যোগ্যতা: বিজ্ঞান বিভাগ-বাংলা মাধ্যম ও ইংরেজি ভাষন (উচ্চতর গণিতসহ) GPA-5.00, মানবিক বিভাগ GPA-3.00 এবং ব্যবসায় শিক্ষা বিভাগ GPA-4.00। এস.এস.সি-তে বাংলা মাধ্যমের শিক্ষার্থীরা ইংরেজি ভাষনের জন্য আবেদন করতে পারবে না।
  - ৪। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে: বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে GPA-4.50, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে GPA-3.50।
  - ৫। আসন সংখ্যা: বিজ্ঞান বিভাগ: বাংলা মাধ্যম-১৭৭০, ইংরেজি ভাষন-২৯০, মানবিক বিভাগ-৪০০ এবং ব্যবসায় শিক্ষা বিভাগ-৭৫০।
  - ৬। ভর্তি পরীক্ষা: আবেদনকারী সকল প্রার্থীকে ভর্তির লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২৪-২৭ মে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সবাইকে নির্ধারিত তারিখ ও সময়সূচি অনুযায়ী কলেজের নির্দিষ্ট কক্ষে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২৩ মে দৈনিক যুগান্তর পত্রিকায় (আবেদনের ID নম্বর অনুযায়ী) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি প্রকাশ করা হবে। এস.এস.সি.-তে প্রাপ্ত জিপিএ, কলেজে ভর্তির লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাক্রমানুসারে চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত করা হবে।
  - ৭। ভুল তথ্য প্রদান করলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
  - ৮। এস.এস.সি.'র সিলেবাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- বি.দ্র.: যে সকল ছাত্র কলেজ কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান ও নিয়মিত ক্লাস করতে চায় না এবং যারা ধূমপানে অভ্যস্ত তাদের আবেদন করার প্রয়োজন নেই।

*R. Hasan, cu*  
অধ্যক্ষ